দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ ...07 OCT 1986...
পৃষ্ঠা... ...7... কলাম ...৮...

C47

# পরীক্ষা গ্রহণ পদ্ধতির সংস্কার প্রয়োজন

কুমিল্লা, ৬ অক্টোবর।— গত শনিবার কুমিল্লা নগর মিলনায়তনে বাংলাদেশ ইউসফুল ফ্রেন্ডস সোসাইটি আয়োজিত, "কুমিল্লার শিক্ষা ও সামাজিক সমস্যা" শীর্ষক সেমিনারে প্রধান অতিথির ভাষণদানকালে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর সামছুল হক বলেছেন, কুমিল্লার শিক্ষার সমস্যা বলতে আলাদা কিছু নেই, এই দুর্ভাগ্য দেশে সর্বত্রই সমান, তেঁতুলিয়াতে যা ঘটেছে, টেকনাফেও তাই চলছে, কুমিল্লায়ও প্রতিচ্ছায়া পড়ছে। শিক্ষার সুযোগ সৃষ্টির জন্য দেশের পরীক্ষা গ্রহণ পদ্ধতি সংস্কার ও বিকল্প ব্যবহারের কথা আজ ভাবতে হবে। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক মফিজুল ইসলাম। প্রবন্ধের উপর আলোকপাত করে বক্তব্য রাখেন সাপ্তাহিক আমোদের প্রধান সম্পাদক জনাব ফজলে রাব্বি, কুমিল্লা প্রেস ক্লাবের সভাপতি অধ্যক্ষ শা, জা, দেলোয়ার জাহিদ, আবুল হাসনাত বাবুল, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব গোলাম মাওলা, জনাব হাবিবুল ইসলাম রতন, মোহাম্মদ আলী আকবর মাসুম, এস, এম, সামীম আহছান প্রমুখ। সেমিনারে সভাপতিত্ব করেন জনাব বদিউল আমিন দুলাল। বক্তারা পাড়ায় পাড়ায় অশ্লিল ছবির প্রদর্শন, যাত্রা ও প্রদর্শনীর নামে অপসংস্কৃতির বিকাশ রোধ করার জন্য তারা যুব সমাজকে সোচ্ছার ভূমিকা নেয়ার আহবান জানান। সেমিনারে একটি কৃষি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় কলেজ গড়ে তোলার আহবান জানান। —খবর প্রেস বিজ্ঞপ্তি'র।